

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ যাকাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৩৭৭) যাকাত দেওয়ার সময় কি বলে দিতে হবে যে, এটা যাকাত?

উত্তর: যাকে যাকাত প্রদান করা হবে সে যদি যাকাতের হকদার হয় কিন্তু সাধারণত: সে যাকাত গ্রহণ করে না, তাহলে যাকাত দেওয়ার সময় তাকে বলে দিতে হবে যে, এটা যাকাত। যাতে করে বিষয়টি তার নিকট সুস্পষ্ট হয়; ফলে সে ইচ্ছা হলে যাকাত গ্রহণ করবে ইচ্ছা হলে প্রত্যাখ্যান করবে। আর যে লোক যাকাত গ্রহণে অভ্যস্ত তাকে যাকাত দেওয়ার সময় কোনো কিছু না বলাই উচিৎ। কেননা এতে তার প্রতি দয়া প্রদর্শনের খোঁটা দেওয়া হয়। আল্লাহ বলেন,

﴿ لَأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا لَا تُبالطِلُوا صَدَقِّتِكُم بِٱللَّمَنِّ وَٱللَّأَذَى ﴾ [البقرة: ٢٦٤]

"হে ঈমানদারগণ খোঁটা দিয়ে ও কষ্ট দিয়ে তোমরা তোমাদের সাদ্কা বা দানসমূহকে বিনষ্ট করে দিও না।" [সূরা আল-বাকারাহ, আয়াত: ২৬৪]

• Source — https://www.hadithbd.com/books/link/?id=909

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন